Celebrating 101 years of M.F. Husain

M. F. HUSAIN

Journey in Graphics

gallerIKAYA
a contemporary art center



Celebrating 101 years of M.F. Husain

Journey in graphics

24th till 31st January 2018

gallerIKAYA
a contemporary art center

Published on the occasion of the exhibition titled "M.F. Husain-Journey in graphics" at Galleri Kaya.

© : Galleri Kaya, Dhaka

Back cover: Eternal Mother, 104 x 76cm, Serigraph on paper, 2003

Published: January 2018
Design: Karukrit

Contact:
Galleri Kaya House 20 Road 16 Sector 4 Uttara Dhaka 1230 Bangladesh.
Mobile: +88 01752 684 900 Tel: 88-02- 58956902
E-mail gallkaya@gmail.com

www.facebook.com/gallerikaya

Printed in Bangladesh.

Acknowledgements

(In alphabetic order)

Mr. Anis Ahmed

Mr. Anisul Hoque

Mr. Asif Mahmood

Mr. Dipak Chakraborty

Shri Ganesh Pratap Singh

Professor Jamal Ahmed

Mr. Jayanta Naskar

Mr. Moinuddin Khaled

Mr. Partha Pratim Roy

Mr. Pranab Ranjan Roy

Mr. Ranjit Das

Mr. Rezaul Amin

Mr. Saifuddin Ahmed

Mr. Sanjay Joseph

Ms. Seema Hamid

Mr. Shaiful Azim

Ms. Suhana Lutfa Ahmed

Mr. Sujat Islam

Mr. Syed Gousul Alam Shaon

Shri Vinay M Sheth

Radio partner : radio foorti 88 FM

Online media partner : bdnews24.com Bangladesh's First Internet Newspaper

Online partner : Artitude www.artitude.com.bd

Security partner : EURO VIGIL

The works displayed in this exhibition are generously supported from the collection of

Sri Ganesh Pratap Singh

Sri Vinay M Sheth

and from the collection of

Galleri Kaya

হুসেন : বিনির্মাণের বিস্ময়

মইনুদ্দীন খালেদ

পেয়েছিলেন তিনি শতায়ু জীবন। পুরো জীবনটাই শিল্পী হিসেবে যাপন করেছেন; এমন কি মাতৃগর্ভে যেন বেড়ে উঠছিল সেই ভ্রুণ সৃজনের আকুতিতে। শিল্পী মকবুল ফিদা হুসেন দাবি করেন যে তিনি নাকি মায়ের গর্ভে বেড়ে ওঠার সময় থেকেই ছবি এঁকেছেন। এ কথা তিনি অনেক বার বলেছেন অনেক সাক্ষাত-কারে। সৃষ্টির রহস্য রক্তবীজের কোন গভীরে থেকে ইশারা দিয়ে চলে তা আজও অনাবিস্কৃত রয়ে গেছে।

তবে সৃষ্টিতে শৈশবের স্মৃতি আমৃত্যু তাড়া করে চলে। এ কথা স্বত:সিদ্ধের মত মেনে নিয়েছে সবাই। বাবা ফিদা হুসেন ছিলেন টেক্সটাইল মিলের টাইম-কিপার। দাদা আবদুল হুসেন করতেন স্যাকরার কাজ। তিনি চমৎকার বানাতে পারতেন কুপি ও হ্যারিকেন। সেই হ্যারিকেন আলো দেখার অভিজ্ঞতা থেকে মকবুল ফিদা নাকি পেয়ে গিয়েছিলেন ম্যাজিক ল্যান্টার্ন। এখান থেকেই তার চলচ্চিত্র নির্মাণের আদি প্রেরণা। মাকে হারিয়েছেন দু'বছর বয়সে। একটা আদুরে হাত একটা শিশুকে ধরতে চায়– এ বিষয় জীবন-ভর এঁকে গেছেন মকবুল ফিদা। মা ও শিশু ছাড়া আর যে সব বিষয় বার বার উঠে আসে তার জমিনে তা হলো ঘোড়া। অশ্বখুড়ের মুহুর্মুহ শব্দে শিহরিত হয়ে ভূভারত থেকে পৃথিবীর নানা দেশে গিয়ে এঁকেছেন তিনি ঘোড়া।

বাড়িতে ছিল সম্ভ্রান্ত মুসলিম পরিবেশ। অতিসংবেদী শৈশবে মুখস্থ করতে হয়েছে কোরআন। অনেকের সঙ্গে বসে দুলদুল ঘোড়া আর কারবালার কাহিনি শুনে কেঁদেছেন। তবে চীনে গিয়ে শি পাই হুনের আঁকা ঘোড়া দেখে মনে হয় তার ঘোড়ার ছুটে চলাতেই আছে বিস্ময়কর রাজসিক চাল। তারপর ঘোড়ার রেসে যুক্ত হলেন পিকাসো। পারসিক রেখার দুলদুল, চীনের শি পাই আর পিকাসোর ঘোড়া, সব মিলে জন্ম নিল নতুন জাতের শিল্পিত ঘোড়া। এই রসায়ন চলল 'মা ও শিশু' আঁকাতেও। স্বপ্নে তার স্নেহময়ী মা আসেন। নয় গজী শাড়ি-পরা মায়ের মত দয়ালু যে মারাঠি পরিচারিকা তাকে অতি শৈশবে যত্ন করেছেন– যার মুখ ঘোমটার কারণে কোনোদিন তিনি দেখেননি, সেই মুখ বার বার তাড়া করে হুসেনের

সৃজন-চেতনা। মুখহীন অবয়ব তাই তার ছবিতে পরিবেশন করে শিল্পের রহস্য। সেই মুখ একদিন হয়ে যায় মাদার তেরেসা। এইভাবে মাতৃময়ী নারীর রূপ-রূপান্তরে বিকশিত হয় হুসেন-প্রতিভা। হিন্দু-বৌদ্ধ-জৈন-পারসিক-মোঘল ভারত আর কোম্পানি কাল এবং বাইজেন্টাইন, ইতালীয় রেনেসা হয়ে রেমব্রান্ট, ভেলাসকেস ছুঁয়ে বিশ শতকের আরও অনেক বিচিত্র শিল্পস্রোতে অবগাহন করে অর্জন করেন তিনি স্বকীয় বৈশিষ্ট্যমণ্ডিত আশ্চর্য সব শিল্প-মুদ্রা। তবে বিশেষভাবে অনুভব করেন পৌরাণিক ভারত আর মুসলিম ভারত। তাই পারসিক ক্যালিগ্রাফি আর ধ্রুপদী মূর্তি-ভাস্কর্যের রেখার সঙ্গে যুক্ত হয় পশ্চিমের জ্যামিতিক হিসেব। দিল্লি ও বেনারস, দুই তীর্থেই তিনি ভ্রাম্যমান থেকেছেন। এঁকেছেন অনেক সুখী সাধকের প্রতিকৃতি আর রচনা করেছেন রামায়ণ ও মহাভারতের চরিত্রসমূহ।

দারিদ্র্যের কারণে তরুণ দিনে যাপন করতে হয়েছিল প্রায় বাস্তুহারা জীবন। রাস্তার ল্যাম্পের আলোয় পড়েছেন ও এঁকেছেন অনেক। তারপর জীবিকার প্রয়োজনে একদিন সিনেমার হোর্ডিং আর পোস্টার আঁকতে আঁকতে বুঝেছেন রেখা ও রঙের আচর ও আচরণে পরিস্ফুট হয় ইমেজ এবং আরও বুঝলেন ইমেজের চলমানতায় কিভাবে বিস্তৃত করতে হয় গল্পের বিবরণ। হুসেনের ছবিতে এভাবে এসেছে এক বিশেষ ন্যারেটিভ। বোম্বের রাস্তায় জীবন কাটিয়ে তিনি জেনে যান প্রাচীন ভারতের দেব-দেবীর আইকন থেকে বর্তমান ভারত কিভাবে মোহমুগ্ধ হয়ে যায় লাস্যময়ী নায়িকাকে দেখে। দেবী-মুর্তি থেকে সিনেমার আইকন পর্যন্ত এক মহাভারত পরিমাণ বিশাল অ্যালবামে সমৃদ্ধ হুসেনের শিল্পভাণ্ডার। 'গ্যালারি কায়া'র এই আয়োজনে উল্লিখিত ওই শিল্পযাত্রার রূপরেখা পাওয়া যাবে। দিল্লি, বেনারস, রাবণ, হনুমান, সীতা,

দ্রৌপদী, আত্মপ্রতিকৃতি আর ঘোড়া আর করুণাময়ী মাদার তেরেসা, সব মিলিয়ে এদেশে এই প্রথম আমরা মুখোমুখি হলাম হুসেনের শিল্পের প্রদর্শীতে।

অবনীন্দ্রনাথের 'বেঙ্গল স্কুল' ও 'ক্যালকাটা গ্রুপ'-এর প্রেরণায় বোম্বেতে (বর্তমান মুম্বাই) যে 'প্রোগ্রেসিভ গ্রুপ' শিল্পী-সংঘের জন্ম হয় তার প্রধান শিল্পী মকবুল ফিদা হুসেন। এই দলের দুই সদস্য সুজা ও হুসেন নতুন আঙ্গিকের প্রয়োজনে পশ্চিমের যে শিল্পভাষায় বাতায়ন খুঁজে পেয়েছিলেন তা 'কিউবিজম'। একথা শিল্পের ঘনিষ্ঠ দর্শকের অজানা নয় যে ইতালীয় রেনেসার চারশত বছরের কানুন ভেঙ্গে পড়ে ব্রাক-পিকাসোর আবিস্কৃত কিউবিক পরিচর্যায়। এই শিল্পধারা উনিশ শ' বিশের দশকে আলোড়িত করে কলিকাতার শিল্পাঙ্গন। এ শিল্পভাষায় নতুন প্রাণের লক্ষণ দেখে গগনেন্দ্রনাথ ঠাকুর সে পথ অনুসরণ করেন এবং তিনি নিরীক্ষায় সফলতা লাভ করেন। পরবর্তী সময়ে শিল্পতাত্ত্বিক স্টেলা ক্রামরিশ তাকে 'ইন্ডিয়ান কিউবিস্ট' হিসেবে আখ্যায়িত করেন। মকবুল ফিদা হুসেনকেও আলংকারিক নামে ডাকা হয় 'ইন্ডিয়ান পিকাসো' বলে। শিল্পভাষার নিরন্তর নিরীক্ষায় পিকাসো নিজেই নিজের বলয় মুক্ত হয়ে বার বার নতুন সৃষ্টির জন্ম দিয়েছেন। এত বেশি বিবর্তন ও অভিনবত্ব এখন পর্যন্ত অন্য কোনো শিল্পীর কাজে দেখা যায় নি। বিচিত্রপ্রজ ও বহুপ্রজ হওয়ার কারণে পিকাসো আজও সবচে উজ্জ্বল বাতিঘর। হুসেনের বৈচিত্র্যে পিকাসো-প্রমাণ কিনা সে নিয়ে বিতর্ক ও গবেষণার অবকাশ আছে; তবে হুসেনও লোক-কলার শৈলী, ভারতীয় বিচিত্র ধ্রুপদী শৈলী ও পশ্চিমের কিউবিজম, পপ প্রভৃতি ব্যাকরণ ভেঙ্গে আমাদের বহুবার নিয়ে গিয়েছেন শিল্পের নতুন নতুন ভুবনে। কিন্তু যে সত্য আমাদের চোখের সামনে দিব্য প্রতিভাত তা হল পিকাসো যেমন

আফ্রিকার শিল্প থেকে ধার নিয়েও শেষ পর্যন্ত আফ্রিকীয় নয়, গভীরভাবে ইউরোপীয় বুদ্ধিমার্গী শিল্পী, হুসেনও কিউবিজম থেকে অনুদান নিয়েও পরিণামে পূর্বদেশীয় এবং বিশেষভাবে ভারতীয় লক্ষণ-আক্রান্ত শিল্পী।

হুসেনের শিল্পভাষার দিকে তাকালে আমরা দেখতে পাই সেখানে রয়েছে কিউবিক ব্যাকরণ ভেঙ্গে দ্বিমাত্রিক সমতলে ছবি আবার শুধু রেখা আর ফর্ম-চিহ্নিত রঙে নির্ভরতা খুঁজে নিয়েছে। পিকাসো কিউবিক শিল্পভাষার জোরে তার পূর্ববর্তী গুরুশিল্পীদের কাজ বিনির্মাণ (Deconstruction) করেছেন। আর এ কাজ শিল্পীকে করতে হয়েছে ভাষার নতুনত্বকে প্রমাণ করার জন্য। আমি মনে করি এই বিনির্মাণ প্রক্রিয়া হুসেনের কাজেও গভীর পর্যবেক্ষণের বিষয়। সমতলীয় পটে দ্বিমাত্রিকতার আদর্শ অক্ষুণ্ন রেখে এবং ত্রিমাত্রিকতার ধাঁধা সৃষ্টি না করেও কী করে ছবির জন্ম হতে পারে তা নিয়ে নিবিড় গবেষণা আছে হুসেনের কাজে। ভঙ্গুর রেখা অথবা কোন সৃষ্টিকারি রেখাগুলো তার কাজে ত্রিমাত্রিকতার পরিধি সৃষ্টি করে না; বরং তারা স্পেসে স্বয়ম্ভূ এবং রেখার সঙ্গে রঙের রূপবন্ধের (ফর্ম) উপস্থিতি আর তলের সঙ্গে তলের সহবস্থান মাত্র। সহবস্থান মানে ঘনিষ্ঠ সম্পর্ক তো বটেই। কাছে ও দূরের হিসেবের পরিপ্রেক্ষিতগত যে নিয়ম তা না মেনে উপরে ও নিচে অথবা পাশাপাশি রেখেছেন রেখা ও রঙের রূপকে। এই বর্ণনারীতি বা ন্যারেটিভে নাকচ হয়ে গেছে পশ্চিমের কিউবিজম এবং সেই সঙ্গে নতুন ভাষার জনকের দাবি প্রতিষ্ঠা পেয়েছে হুসেনের।

ঘটনা আছে, বর্ণনা আছে। তবে পরিমিতিবোধের এক আশ্চর্য যাদু আমরা দেখতে পাই হুসেনের কাজে। সেই যে মায়ের মুখ মনে পড়ে না, লম্বা ঘোমটার কারণে পরিচারিকার মুখও দেখা হলো না এবং যে-কারণে নাক-মুখ চোখহীন শূন্য অবয়বে কেবলই মাকে দেখার তৃষ্ণা থেকে সেই নারী প্রতিমার কোলে আশ্রয় নেয়ার আকাঙ্ক্ষা তা রূপায়িত হয়েছে ‘মাদার তেরেসা’ চিত্রে। সাদাশাড়ির প্রান্তে নীলপাড় যেন শুভ্রতা, শান্তি ও অপার করুণার বার্তা। তার কোলে, বুকে আর মুখের ওই শুন্য স্পেসে শিশুর নিরাপদ আশ্রয়। সাদা আর নীল রং এখানে পবিত্রতা আর দয়ার রূপকী ব্যঞ্জনায় গভীর। এই পরিমিতির আরও একটি পর্যবেক্ষণ আমাদের আলোড়িত করে। রূপের ভরকেন্দ্র লক্ষ্য করে সেইখানে রেখা একটু ভেঙ্গে দিয়ে শিল্পী অবয়বের বৈশিষ্ট্য প্রমাণ করেন। হুসেনের আত্মপ্রতিকৃতির দিকে তাকালে এই পরীক্ষা-নিরীক্ষার ফল সহজে অনুধাবন করা যায়। পুরু বর্ণের একটি আনত রেখা তিনি চাপিয়ে দেন অবয়বের এক প্রান্তে। তাতে

একই সঙ্গে রূপের স্থির ধর্ম নাকচ হয়েছে এবং রৈখিক পরিচর্যার পাশে ওই পুরু বর্ণ স্তর (কখনো বা এক প্রস্থ রং) ঘোষণা দিয়েছে চিত্রের সেই গভীর সত্য যে রেখা আর রঙের অস্তিত্ব অনুভবই চিত্রের মর্মকথা। পশ্চিমের কিউবিজম নয়, প্রাচ্য আদর্শের দ্বিমাত্রিক পটের আলংকারিতাও নয়, গভীরতর ধ্যানে আরও নতুন শিল্পসূত্র উদ্ধার সম্ভব; ‘কায়া’র প্রদর্শনী অবশ্যই আমাদের শিল্পের সেই নতুন মর্মার্থ পাঠ করাবে।

MFH Ex. No. 1

Horse

Signed in English l.r., 1980
61 x 92cm
Lithograph on paper
Edition: AP



MFH Ex. No. 2

“Bhishma” (Mahabharatha)
“Signed in English l.r., 1982
46 x 61cm
Offset lithograph on paper
Edition: AP/350



MFH Ex. No. 3

Draupadi with dice (Mahabharatha)
Signed in English l.r., 1982
46 x 61cm
Offset lithograph on paper
Edition: AP/350



MFH Ex. No. 4

Horse-I

Signed in English l.r., 2000
79 x 104cm
Serigraph on paper
Edition: 66/125



MFH Ex. No. 5

Yeh kaun sa modh hi umar ka-IV

Signed in English l.r., 1995
74 x 48cm
Offset lithograph on paper
Edition: AP



MFH Ex. No. 6

Hanuman series

Signed in English l.r., 1981
46 x 61cm
Offset lithograph on paper
Edition: 316/350

MFH Ex. No. 7

Kite series

Signed in English l.r., 1990
76 x 56cm
Serigraph on black paper
Edition: AP

MFH Ex. No. 8

Kerala ll

Signed in English l.r., 2001
104 x 102cm
Serigraph on paper
Edition: 153/225

MFH Ex. No. 9

Hanuman series

Signed in English l.r., 1983
61 x 46cm
Offset lithograph on paper
Edition: 316/350

MFH Ex. No. 10

Mother

Signed in English l.r., 1980's
61 x 46cm
Lithograph on papaer
Edition: 31/300

MFH Ex. No. 11

Mother

Signed in English l.r., 1980's
61 x 46cm
Lithograph on papaer
Edition: 31/300



MFH Ex. No. 12

Yeh kaun sa modh hi umar ka-Xlll
Signed in English l.r., 1995
74 x 48cm
Offset lithgraph on paper
Edition: AP

MFH Ex. No. 13

Shiva Parvati

Signed in English l.r., 1980
53 x 76cm
Lithograph on paper
Edition: AP/42

MFH Ex. No. 14

Horse-V

Signed in English l.r., 2000
100 x 69cm
Serigraph on paper
Edition: 68/125



MFH Ex. No. 15

Satyavati-fisherman's daughter (Mahabharatha)

Signed in English l.r., 1982
46 x 61cm
Offset lithograph on paper
Edition: AP/350



MFH Ex. No. 16

Ganga and Jamuna
Signed in English l.r., 1982
53 x 34cm
Lithograph on paper
Edition: AP/350

MFH Ex. No. 17

Kite series

Signed in English l.r., 1990
76 x 56cm
Serigraph on black paper
Edition: 89/150

MFH Ex. No. 18

Draupadi with five Incarnations (Mahabharatha)
Signed in English l.r., 1982
46 x 61cm
Offset Lithograph on paper
Edition: AP/350



MFH Ex. No. 19

Horse-IV

Signed in English l.r., 2000
102 x 80cm
Serigraph on paper
Edition: 68/125

MFH Ex. No. 20

Untitled

Signed in English l.r., 1990
102 x 69cm
Lithograph on paper
Edition: AP



MFH Ex. No. 21

Theorama Christianity
Signed in English l.r., 1982
69 x 46cm
Silkscreen on paper
Edition: 88/140



MFH Ex. No. 22

Kalyani in green (Kerala)
Signed in English l.r., 2002
51 x 36cm
Offset lithograph on paper
Edition: 322/600

MFH Ex. No. 23

Hommage to Raja Ravi Varma (Kerala)
Signed in English l.r., 2002
51 x 36cm
Offset lithograph on paper
Edition: 322/600



MFH Ex. No. 24

New York series
Signed in English l.r., 1980
76 x 56cm
Lithograph on paper
Edition: AP/75



MFH Ex. No. 25

Arrival of monsoon (Kerala)
Signed in English l.r., 2002
51 x 36cm
Offset lithograph on paper
Edition: 322/600

MFH Ex. No. 26

New York series

Signed in English l.r., 1980
76 x 56cm
Lithograph on paper
Edition: AP/175

MFH Ex. No. 27

Kalyani kutty kerala (Kerala)
Signed in English l.r., 2002
51 x 36cm
Offset lithography on paper
Edition: 322/600

MFH Ex. No. 28

Untitled

Signed in English l.r., 1980
78 x 61cm
Lithograph on paper
Edition: AP

MFH Ex. No. 29

Fish and banana (Kerala)
Signed in English l.r., 2002
51 x 36cm
Offset lithograph on paper
Edition: 322/600

MFH Ex. No. 30

New York series

Signed in English l.r., 1980
76 x 56cm
Lithograph on paper
Edition: 09/75

MFH Ex. No. 31

100% Literacy (Kerala)
Signed in English l.r., 2002
51 x 36cm
Offset lithograph on paper
Edition: 322/600

MFH Ex. No. 32

Horse -II

Signed in English l.r., 2000
79 x 104cm
Silkscreen on paper
Edition: 71/125



MFH Ex. No. 33

New York series

Signed in English l.r., 1980
76 x 56cm
Lithograph on paper
Edition: AP/175



MFH Ex. No. 34

Performance of fire (Kerala)
Signed in English l.r., 2002
51 x 36cm
Offset lithograph on paper
Edition: 322/600

MFH Ex. No. 35

Thekadi (Kerala)

Signed in English l.r., 2002
51 x 36cm
Offset lithograph on paper
Edition: 322/600

MFH Ex. No. 36

Kerala lV

Signed in English l.r., 2001
104 x 102cm
Silkscreen on paper
Edition: 150/225



MFH Ex. No. 37

Varanasi series-VII
Signed in l.r., 1973
76 x 51cm
Silkscreen on paper
Edition: 37/100

MFH Ex. No. 38

Kite

Signed in English l.r., 1990
56 x 76cm
Serigraph on black paper
Edition: 90/150

MFH Ex. No. 39

Taj series-I

Signed in English l.1., 2000
33 x 77cm
Silkscreen on paper
Edition: 55/125

MFH Ex. No. 40

Taj series-III

Signed in English l.l., 2000
33 x 77cm
Silkscreen on paper
Edition: 55/125

MFH Ex. No. 41

Taj series-II

Signed in English l.l., 2000
33 x 77cm
Silkscreen on paper
Edition: 55/125



MFH Ex. No. 42

Kite

Signed in English l.r., 1990
76 x 56cm
Serigraph on black paper
Edition: AP



MFH Ex. No. 43

Varanasi series-II

Signed in English l.r, 1973
76 x 51cm
Silkscreen on paper
Edition: 36/100



MFH Ex. No. 44

Varanasi series-I

Signed in English l.r., 1973
76 x 51cm
Silkscreen on paper
Edition: 38/100

MFH Ex. No. 45

Eternal Mother

Signed in English l.r., 2003
104 x 76cm
Serigraph on paper
Edition: 66/125





MFH Ex. No. 46

Varanasi series-III

Signed in English l.r., 1973
76 x 51cm
Silkscreen on paper
Edition: 38/100



MFH Ex. No. 47

Varanasi Series-VIII

Signed in English l.r., 1973
76 x 51cm
Silkscreen on paper
Edition: 37/100

MFH Ex. No. 48

Twenty litho twenty poem
Signed in English l.r., 1969
23 x 23cm
Lithograph on paper
Edition of 100

MFH Ex. No. 49

Twenty litho twenty poem
Signed in English l.r., 1969
23 x 23cm
Lithograph on paper
Edition of 100

MFH Ex. No. 50

Darshan

Signed in English l.r., 1986
51 x 38cm
Silkscreen on paper
Edition: 78/100

MFH Ex. No. 51

Twenty litho twenty poem
Signed in English l.r., 1969
23 x 23cm
Lithograph on paper
Edition of 100

MFH Ex. No. 52

Twenty litho twenty poem
Signed in English l.r., 1969
23 x 23cm
Lithograph on paper
Edition of 100

MFH Ex. No. 53

Twenty litho twenty poem
Signed in English l.r., 1969
23 x 23cm
Lithograph on paper
Edition of 100



MFH Ex. No. 54

Twenty litho twenty poem
Signed in English l.r., 1969
23 x 23cm
Lithograph on paper
Edition of 100

MFH Ex. No. 55

Twenty litho twenty poem
Signed in English l.r., 1969
23 x 23cm
Lithograph on paper
Edition of 100

MFH Ex. No. 56

Twenty litho twenty poem
Signed in English l.r., 1969
23 x 23cm
Lithograph on paper
Edition of 100



MFH Ex. No. 57

Varanasi series-IV

Signed in English l.r., 1973
76 x 51cm
Silkscreen on paper
Edition: 29/100



MFH Ex. No. 58

Varanasi Series-V

Signed in English l.r., 1973
76 x 51cm
Silkscreen on paper
Edition: 38/100



MFH Ex. No. 59

Varanasi series-VI

Signed in l.r., 1973
76 x 51cm
Silkscreen on paper
Edition: 29/100

Exhibition sponsor

SUHANA & ANIS AHMED
FOUNDATION